



# জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর

সূত্র: বঙ্গবন্ধু-২/২০১৯/চিগ্রাংকন ও রচনা/ ৩০৬২ (৩০০)

তারিখ: ০১.০১.২০১৯

বিষয় : জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর-এর উদ্যোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম শুভ  
জন্মবার্ষিকী-২০১৯ পালন উপলক্ষে শিশু-কিশোরদের চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।

শুভেচ্ছা জানবেন। ১৭ মার্চ ২০১৯ তারিখ রোজ রবিবার জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০০তম শুভ জন্মদিন। এ উপলক্ষে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের উদ্যোগে আগামী ০১ মার্চ ২০১৯ তারিখ রোজ শুক্রবার বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ চত্বরে শিশু-কিশোরদের চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। আপনার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম শুভ জন্মবার্ষিকীর নিম্নোক্ত অনুষ্ঠানসূচী অনুযায়ী বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর সম্মুখস্থ চত্বরে অনুষ্ঠিতব্য বিভাগ ও বিষয় ভিত্তিক চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

(ক) ঢাকা মেট্রোপলিটন সময় : সকাল ১০টা থেকে ১১:৩০ মিনিট।

(খ) ঢাকা মেট্রোপলিটনের বাইরে বিভিন্ন জেলা-উপজেলার সময় বিকাল ৩টা থেকে বিকাল ৪:৩০ মিনিট পর্যন্ত।

এছাড়া রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করে আগামী ১৫ ফেব্রুয়ারী ২০১৯ তারিখ এর মধ্যে প্রেরণের ব্যবস্থা করার অনুরোধ করা হলো।  
উল্লেখ্য রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য জাদুঘরে আসার কোন প্রয়োজন নেই।

## ১। চিত্রাংকন প্রতিযোগিতা :

চিত্রাংকন প্রতিযোগিতায় যোগদানের যোগ্যতা, চিত্রাংকনের বিষয় ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য নিম্নে দেয়া হলো :-

ক্রমিক	বিভাগ	বয়স	চিত্রাংকনের বিষয়
১।	ক- বিভাগ	৬ বছর পর্যন্ত	ইচ্ছামত
২।	খ- বিভাগ	৭ থেকে ৯ বছর পর্যন্ত	বাংলাদেশের নদী ও নৌকা
৩।	গ- বিভাগ	১০ থেকে ১৩ বছর পর্যন্ত	নদী ও শহর
৪।	ঘ- বিভাগ	১৪ থেকে ১৮ বছর পর্যন্ত	বঙ্গবন্ধু ও আগামীর বাংলাদেশ

## ২। রচনা প্রতিযোগিতা :

রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের বিভাগ ও বিষয় ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য নিম্নে দেয়া হলো :-

ক্রমিক	বিভাগ	বয়স/ শ্রেণী	বিষয়	সর্বোচ্চ শব্দ
১।	ক- বিভাগ	৬ষ্ঠ থেকে ৭ম শ্রেণী	মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু ও বাংলাদেশ	৮০০ হতে ১০০০
২।	খ- বিভাগ	৮ম শ্রেণী থেকে ১০ম শ্রেণী পর্যন্ত	আমার অঞ্চলে মুক্তিযুদ্ধের কাহিনী	৮০০ হতে ১০০০
৩।	গ- বিভাগ	একাদশ শ্রেণী হতে দ্বাদশ শ্রেণী পর্যন্ত	৭ই মার্চ ও মুক্তিযুদ্ধ	১০০০ হতে ১২০০
৪।	ঘ- বিভাগ	বিশ্ববিদ্যালয় ছাত্রছাত্রীদের	সংগ্রাম থেকে স্বাধীনতায় বঙ্গবন্ধু (১৯৪৮-১৯৭১)	১২০০ হতে ১৫০০

অপর পৃষ্ঠায়

নিয়মাবলী :

- ক) চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের শুধু কাগজ ও রং করার জন্য পানির পাত্র সরবরাহ করা হবে।
- খ) প্রতি বিভাগে ১টি শ্রেষ্ঠ পুরস্কার এবং ৫টি উত্তম পুরস্কার দেয়া হবে।
- গ) বাংলা অথবা ইংরেজী যেকোন একটি ভাষায় রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করা যাবে।
- ঘ) আগামী ১৫ ফেব্রুয়ারী ২০১৯ তারিখের মধ্যে “কিউরেটর, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর, বঙ্গবন্ধু ভবন, সড়ক নং-৩২, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯” এই ঠিকানায় রচনা পাঠাতে হবে। এছাড়া [bangabandhumuseum@gmail.com](mailto:bangabandhumuseum@gmail.com) ঠিকানায় পাঠানো যাবে।
- ঙ) ছবি আঁকার ক্ষেত্রে প্রত্যেক অংশগ্রহণকারী প্রতিযোগী যে পৃষ্ঠায় ছবি আঁকবে তার অপর পৃষ্ঠায় নিজের নাম, বাবা-মায়ের নাম, বিদ্যালয়ের নাম, শ্রেণী, বয়স এবং ফোন নম্বর/মোবাইল নম্বর লিখতে হবে। না লেখা হলে বাতিল বলে গণ্য হবে।
- চ) আগামী ০৩ মার্চ ২০১৯ তারিখ বিকাল ৩ টায় [www.bangabandhumuseum.org.bd](http://www.bangabandhumuseum.org.bd) এই ওয়েব সাইটের নোটিশ মেন্যুতে ফলাফল প্রকাশ করা হবে। এছাড়া জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘরের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
- ছ) জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের মাননীয় সভাপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। পুরস্কার বিতরণের তারিখ পরবর্তীতে ওয়েব সাইটে জানানো হবে।



(মো. নজরুল ইসলাম খান)

কিউরেটর

ফোন : ৯১১১১১০ (অ.)